

চিঠি
৩০

ছাত্রী উত্ত্যক্তের জেরে সংঘর্ষ

**শাবির দেড় শ' শিক্ষার্থীর
বিরুদ্ধে জরুরী বিধিতে
মামলা, ক্যাম্পাস থমথমে**

শাবি সংবাদদাতা। শাহজালাল বিশ্ববিদ্যালয় ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) ছাত্রী উত্ত্যক্তের জেরে ছাত্রদল ও ছাত্রলীগের সংঘর্ষের ঘটনায় দেড় শতাধিক অস্বাস্থ্যকর শিক্ষার্থীর বিরুদ্ধে জরুরী বিধিতে মামলা দায়ের করেছে পুলিশ। কোতোয়ালি থানার এফআই মোহাম্মদ সাতার বাদী হয়ে এই মামলা দায়ের করে। মামলা নং ৬০। এ পর্যন্ত কেউ শ্রেফতার হয়নি। ক্যাম্পাস ছিল থমথমে। তবে কোন অপ্রতীকর ঘটনা ঘটেনি। ছাত্রদল দুই ছাত্র হলে আধিপত্য অক্ষুণ্ণ রেখেছে। অন্যদিকে ছাত্রলীগ ক্যাম্পাসের বাইরে মর্দিনা মার্কেটে ছাত্র মেসে নতুন করে সংগঠিত হচ্ছে। এদিকে নিরাপত্তা চেয়ে প্রশাসনকে তুচ্ছভোগী ছাত্রী চিঠি দিলে কোন কার্যকর পদক্ষেপ নেয়নি কর্তৃপক্ষ। এই শিক্ষার্থীর বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অনিশ্চিত হয়ে পড়েছে। চিঠির অনুলিপি সেনাকর্মকর্তা, ব্যাথ ও পুলিশের উর্ধ্বতন কর্তৃপক্ষকে দেয়া হয়েছে। পঠিত তদন্ত কমিটি কোন

(১১- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

শাবির দেড় শ' শিক্ষার্থীর

(১২-এর পাতার পর)

কার্যক্রম শুরু করেনি। ছাত্রী উত্ত্যক্তকারী ছাত্রলীগ কর্মী মানজার রানা ও সাবেক ছাত্রদল কর্মী জাওয়াদ পারভেজকে রক্ষা করে তদন্ত কার্যক্রমকে ভিন্ন খাতে প্রভাবিত করতে মতল বিবেচনায় তৎপরতা চালিয়ে বলে অভিযোগ পাওয়া গেছে। সংঘর্ষে তরুণের আহত দুই ছাত্র রাহাত ও আতিক এখনও ওসমানী হাসপাতালে চিকিৎসাধীন আছে। বাকিরা প্রাথমিক চিকিৎসা নিয়ে নিরাপদে চলে গেছে। বিশ্ববিদ্যালয় ভিসি ও প্রক্টর বরাবর এক লিখিত দ্বারকপিপিতে তুচ্ছভোগী ছাত্রী ও তার পরিবার নিরাপত্তা চেয়েছে। লিখিত বক্তব্যে তুচ্ছভোগী ছাত্রী জানায়, আমি জাওয়াদ ও মানজার রানা কর্তৃক দুই বছর যাবত ইভটিজের শিকার হচ্ছি। প্রায়ই আমাকে রিকসা ধরিয়ে ও বাসার সামনে এসে তন্নতীতি প্রদর্শন করে। উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়ে তার নিরাপত্তা নিশ্চিতের দাবি জানান।